



BANGLADESH SOCIETY OF MICROBIOLOGISTS

Established in 1976

Office: Department of Microbiology, University of Dhaka, Dhaka 1000, Bangladesh
Tel: +880-2-9661920-73 Ext.7731 Fax: 880-2- 9667222

President

Prof. Dr. M A Malek
DU, Dhaka

Vice President

Prof. Dr. A R M Solaiman
BSMRAU, Gazipur
Prof. Dr. M Abul Manchur
CU, Chittagong

General Secretary

Prof. Dr. Sabita Rezwana Rahman
DU, Dhaka

Joint Secretary

Prof. Dr. Sangita Ahmed
DU, Dhaka
Dr. M Iqbal Kabir Jahid
JSTU, Jessore

Treasurer

Prof. Dr. Anowara Begum
DU, Dhaka

Members

Prof. Dr. M Mozammel Hoq
DU, Dhaka
Prof. Dr. Md. Majibur Rahman
DU, Dhaka
Prof. Dr. M Anwar Hossain
DU, Dhaka
Prof. Dr. Ananda Kumar Saha
RU, Rajshahi
Prof. (Brig. Gen.) Dr. Arif Ahmed Khan
AFIP, Dhaka Cantonment
Prof. Dr. Sukumar Saha
BAU, Mymensingh
Prof. Dr. Mahboob Hossain
BRACU, Dhaka
Prof. Dr. M Hasibur Rahman
JU, Dhaka
Prof. Dr. Shamima Begum
JnU, Dhaka
Prof. Dr. Dr. Rashed Noor
IUB, Dhaka
Dr. Nawabur Rahman
Square Pharmaceuticals Ltd, Dhaka
Dr. SM Asaduzzaman
ITBBR, AERE, Savar, Dhaka
Dr. Firoz Ahmed
NSTU, Noakhali
Dr. M Aminul Islam
ICDDR, Dhaka

Ex-Officio Members

Prof. Dr. Md. Mahfuzul Hoque
DU, Dhaka
Prof. Dr. Md. Anisur Rahman Khan
DU, Dhaka

প্রেস-বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী সিনেট ভবনে গতকাল ২৬ ডিসেম্বর ২০১৯ বাংলাদেশ সোসাইটি অব মাইক্রোবায়োলজিস্টস-এর ৩৩তম বার্ষিক সম্মেলন-২০১৯ অনুষ্ঠিত হয়। অনুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ সোসাইটি অব মাইক্রোবায়োলজিস্টস যৌথভাবে দিনব্যাপি এই সম্মেলন আয়োজন করে। এই সম্মেলনের মূল প্রতিপাদ্য ছিল “Newer approaches in Microbiology: Food, Health & Energy”। সারাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং গবেষণা প্রতিষ্ঠানের তিন শতাধিক শিক্ষক ও গবেষক দিনব্যাপী এই সম্মেলনে তাদের সাম্প্রতিক গবেষণা কার্য তুলে ধরার মাধ্যমে অনুজীব বিজ্ঞানের বিভিন্ন শাখায় দেশীয় উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে গঠনমূলক আলোচনা করেন। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা প্রতিমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী (নওফেল), এম. পি। সম্মেলনের প্রধান পৃষ্ঠপোষক ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীব বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডীন অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হক। দিনব্যাপী এই সম্মেলনের উদ্বোধনী বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান প্রথমেই স্বরন করেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং জাতীয় চার নেতা ও মুক্তিযুদ্ধের ত্রিশ লক্ষ শহীদদের। এরপর তিনি বর্তমান সময়ের পরিপ্রেক্ষিতে অনুজীব বিজ্ঞান বিষয়ে শিক্ষা ও গবেষণার তাৎপর্য তুলে ধরে সংশ্লিষ্ট গবেষকদের নতুন নতুন উদ্যোগ গ্রহণের আহবান জানান। এছাড়া তিনি বিশ্ববিদ্যালয়গুলোর সাথে শিল্প প্রতিষ্ঠানগুলোর সম্পর্ক উন্নয়ন এবং যৌথ গবেষণায় এগিয়ে আসার আহবান জানান। তিনি অনুজীব বিজ্ঞান বিষয়ে শিক্ষার পাশাপাশি ছাত্রছাত্রীদের একজন পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তোলায় শিক্ষকদের উদ্যমী হওয়ার আহবান জানান। পাশাপাশি এ সংক্রান্ত যেকোন উদ্যোগে সহায়তার প্রতিশ্রুতি প্রদান করেন।